

## ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭০৯৪

৫৫/ ফিতনা সমূহ ও কিয়ামতের নিদর্শনাবলী (১ আন্তান নাট্যান্তান নাট্যান্ত নাট্যান্তান নাট্যা

পরিচ্ছেদঃ ১৭. ইবন সায়্যাদের আলোচনা

باب ذِكْرِ ابْنِ صَيَّادٍ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ الْمُثَنَى، حَدَّثَنَا حُسَيْنٌ، - يَعْنِي ابْنَ حَسَنِ بِنِ يَسَارٍ - حَدَّثَنَا ابْنُ، عَوْنٍ عَنْ نَافِعٍ، قَالَ كَانَ نَافِعٌ يَقُولُ ابْنُ صَيَّادٍ . قَالَ قَالَ ابْنُ عُمَرَ لَقِيتُهُ مَرَّتَيْنِ - قَالَ -

## বাংলা

৭০৯৪। মুহাম্মাদ ইবনু মুসান্না (রহঃ) ... নাফি (রহঃ) থেকে বর্ণিত। ইবনু উমর (রাঃ) বলেন, ইবনু সায়্যাদের সাথে আমার দু'বার সাক্ষাৎ হয়েছে একবার সাক্ষাতের পর আমি জনৈক ব্যক্তিকে জিজ্ঞেস করলাম, আপনি কি বলেন যে, সে-ই (ইবনু সায়্যাদ) দাজ্জাল? জবাবে সে বলল, আল্লাহর শপথ, কখনো না। আমি বললাম, তাহলে তো আমাকে মিথ্যা বলেছেন। আল্লাহর কসম! আপনাদের জনৈক ব্যক্তি তো আমাকে এ মর্মে সংবাদ দিয়েছে যে, সে মৃত্যুবরণ করবে না, যতক্ষন পর্যন্ত সে আপনাদের মধ্যে সর্বাধিক বিত্তশালী এবং সন্তান-সন্ততি সম্পন্ন না হবে। আজ তো অনুরূপই হয়েছে বলে তারা বলছে। অতঃপর (ইবনু সায়্যাদ) আমাদের সাথে আলোচনা করল। এরপর আমি তাকে ছেড়ে চলে আসলাম।

ইবনু সায়্যাদের সাথে আরেকবার আমার সাক্ষাৎ হল। তখন তার চোখ ফুলে উঠে ছিল। আমি তাকে বললাম,



তোমার চোখের এ অবস্থা কখন হল, যা আমি দেখতে পাচ্ছি? সে বলল, আমি জানিনা। আমি বললাম, সেটি তোমার মাথায়ই রয়েছে অথচ তুমি জাননা! অতঃপর সে বলল, আল্লাহ ইচ্ছা করলে তোমার এ লাঠিতেও তিনি চোখ পয়দা করে দিতে পারেন। এরপর সে গাধার ন্যায় এমন বিকট আওয়াজে চিৎকার করল।

তিনি (ইবন উমর) বলেন, পরে আমার কোন সাথী বলেছে যে, আমি তাকে আমার সাথে থাকা লাঠি দ্বারা প্রহার করেছি যে, লাঠিটি টুকরা টুকরা হয়ে পড়েছে। আল্লাহর কসম অথচ এ সম্পর্কে আমি তা অনুভব করতে পারি না। নাফি (রহঃ) বলেন, তারপর আবদুল্লাহ ইবনু উমর (রাঃ) উম্মুল মুমিনীন [হাফসা (রাঃ)] এর নিকট এলেন এবং তার নিকট এ ঘটনা বর্ণনা করলেন। একথা শুনে তিনি বললেন, ইবনু সায়্যাদের নিকট তোমার কি প্রয়োজন ছিল? তুমি কি জানো না যে, তিনি (রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কারো প্রতি ক্রোধই প্রথমে দাজ্জালের প্রথম প্রকাশ ঘটবে।

## **English**

Nafi' reported that Ibn 'Umar said:

I met Ibn Sayyad twice and said to some of them (his friends): You state that it was he (the Dajjal). He said: By Allah, it is not so. I said: You have not told me the truth; by Allah some of you informed me that he would not die until he would have the largest number of offspring and huge wealth and it is he about whom it is thought so. Then Ibn Sayyad talked to us. I then departed and met him again for the second time and his eye had been swollen. I said: What has happened to your eye? He said: I do not know. I said: This is in your head and you do not know about it? He said: If Allah so wills He can create it (eye) in your staff. He then produced a sound like the braying of a donkey. Some of my companions thought that I had struck him with the staff as he was with me that the staff broke into pieces, but, by Allah, I was not conscious of it. He then came to the Mother of the Faithful (Hafsa) and narrated it to her and she said: What concern you have with him? Don't you know that Allah's Apostle ( ) said that the first thing (by the incitement of which) he would come out before the public would be his anger?

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন